# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র বিষয় কোড: ২ ৭ ৭

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**প্রশ্ন-১ ▶** মি. সরকার ৫০ জন সদস্য নিয়ে কোম্পানি গঠনের চেষ্টা-তদবির করছেন অনেকদিন হলো। একটা দলিল তৈরি করতে হয়েছে। কিন্তু আরেকটা দলিল তৈরি না করলেও চলবে। কোম্পানি আইনের তফসিল ১ এ বর্ণিত দলিলটিকেই তারা নিজেদের জন্য গ্রহণ করেছেন। ইতোমধ্যে জন্ম সনদ পেলেও কাজ শুরু করতে পারছেন না।

ক. শেয়ার মালিকানার মুখ্য প্রামাণ্য দলিলকে কী বলে? ১

খ. কোম্পানির কৃত্রিম ও স্বাধীন সত্তা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন দলিলটি পৃথকভাবে তৈরির প্রয়োজন পড়ে নি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিকে কাজ শুরু করতে হলে কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ করতে হবে- তুমি কী এ মত সমর্থন করো? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

**প্রশ্ন-২ ▶** মঈন বুয়েট থেকে আর্কিটেকচারে ডিগ্রি নিয়েছে। তার বাবা বিল্ডিং নির্মাণ ব্যবসায় করেন। বাবার ইচ্ছা মঈন ব্যবসায়ের হাল ধরুক। মঈন কিছু দেশ বেড়িয়ে এসে ব্যবসায়ের দায়িত্ব নিতে চাইলো। সে সেখানে যেয়ে ঘুরে ঘুরে বিভিন্ন বিল্ডিং নির্মাণ শৈলী দেখলো। কিছু ডিজাইন নির্বাচন করলো। দেশে এসে তাতে প্রয়োজনীয় পরিবর্তন এনে বিল্ডিং নির্মাণ করে সফল হলো। কিন্তু তার এ সফলতা বেশি দূর এগোচ্ছে না। দেশে রাজনৈতিক অচলাবস্থা ও আর্থিক দুরাবস্থার কারণে অনেক ফ্ল্যাট অবিক্রিত থাকায় সে সমস্যায় পড়েছে।

ক. নারী উদ্যোক্তা কে? ১

খ. একজন উদ্যোক্তার কৃতিত্বার্জন চাহিদা বুঝিয়ে লেখো। ২

গ. মঈনের কোন গুণ তাকে ব্যবসায়ে সফলতা দিয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আর্থ-সামাজিক স্থিতিশীলতা ছাড়া ব্যবসায় উদ্যোগ এগুতে পারে না — এ বক্তব্য কতটা যৌক্তিক? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৩ ▶** ABC একটি স্বনামধন্য খুচরা ব্যবসায় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি সারা বিশ্বে অসংখ্য খুচরা দোকানের মাধ্যমে ব্যবসায় পরিচালনা করে। প্রতিষ্ঠানটি সকল শাখার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে। এমনকি একসাথে সাক্ষাৎ না করেও তারা মিটিং করতে পারে। এর ফলে প্রতিষ্ঠানটি দ্রুততার সাথে নির্ভুল সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

ক. বিটুসি অর্থ কী?

খ. ই-মার্কেটিং-এর উপযোগিতা ব্যাখ্যা করো।

http://teachingbd.com

গ. ABC-এর ব্যবসায়ে কোন ধরনের প্রযুক্তি ব্যবহৃত হয়েছে? বর্ণনা করো।

ঘ. ABC-এর নির্ভুল সিদ্ধান্ত গ্রহণে প্রযুক্তি কীভাবে সহায়তা করেছে তা বিশ্লেষণ করো।

**প্রশ্ন-৪ ▶** মি. মামুন চাকরি শেষে ১০ লাখ টাকা পেয়েছেন। এ টাকার যাতে ক্ষতি না হয় এ বিষয়ে তিনি সতর্ক। আবার এ থেকে কিছু আয়েরও প্রত্যাশা করেন। ব্যাংকে টাকা রাখলে লাভ কম। তাই তিনি পরিচিতজন, সৎ ও ভালো ব্যবসায়ী নাজিম সাহেবকে টাকাটা দিলেন। বললেন লাভ কম দেন আপত্তি নেই, তবে ক্ষতির ভাগ তিনি নিবেন না। নাজিম সাহেব ব্যবসায়টা বাড়াবেন বিধায় তারও টাকার প্রয়োজন ছিল। এখন মি. মামুন ভালোই লাভ পাচ্ছেন। আবার নাজিম সাহেবের এতে সুবিধা হয়েছে।

ক. ব্যবসায় কী? ১

খ. ব্যবসায়ের বণ্টনকারী শাখা কোনটি? ব্যাখ্যা করো। ২

গ. কোন বৈশিষ্ট্যের অভাবের কারণে মি. মামুনকে ব্যবসায়ী বলা যাবে না? ব্যাখ্যা করো। ৩

ঘ. নাজিম সাহেবের ব্যবসায়িক কাজটি অর্থসংস্থানের সাথে সম্পর্কযুক্ত — তুমি কী এ মত সমর্থন করো। মতের সপক্ষে যুক্তি দাও। ৪

**প্রশ্ন-৫ ▶** প্রত্যয় ক্রিয়েশন লিমিটেডের তরুণ গবেষকগণ মিলে আলু থেকে দুধ তৈরির ফর্মূলা আবিষ্কার করেন। প্রতিষ্ঠানটি আলু থেকে দুধ তৈরি ও বাজারজাতকরণের একচেটিয়া অধিকার লাভ করতে চায়। প্রতিষ্ঠানটি এ লক্ষ্যে সরকারের সাথে একটি চুক্তি সম্পাদন করে। অবশেষে নতুন পণ্য উদ্ভাবন ও অসাধু ব্যবসায়ীদের প্রতিহত করে প্রত্যয় ক্রিয়েশন লিমিটেড সফলতা লাভে সক্ষম হয়।

Teachingbd.com

ক. বিমা কী? ১

খ. মেধাসম্পদের ক্ষেত্রে লাইসেন্স বলতে কী বোঝায়? ২

গ. প্রত্যয় ক্রিয়েশনের সম্পাদিত উক্ত চুক্তিকে কোন ধরনের সম্পদ বলা যায়? বর্ণনা করো। ৩

ঘ. প্রত্যয় ক্রিয়েশন সরকারের সাথে সম্পাদিত চুক্তিবলে উক্ত ক্ষেত্রে কতটা একচেটিয়া অধিকার লাভ করতে পারবে তা মূল্যায়ন করো। ৪

**প্রশ্ন-৬ ▶** আকমল, তাসলিম ও শরীফ শরিকানার ভিত্তিতে একটা বায়িং হাউজ চালায়। অন্যরা মূলধন দিলেও তাসলিম কোনো মূলধন দিতে পারেনি। তবে এ ব্যবসায়ে তার দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে। চাকরিজীবী শরীফ। সে জানিয়েছে ব্যবসায়ের দৈনন্দিন কাজে সে অংশ নিতে পারবে না। তবে তাদের প্রতি তার যথেষ্ট বিশ্বাস রয়েছে। তাই যেকোনো কাজে সে অন্যদের মতো দায় নেবে। তাসলিমকে সর্বোচ্চ সহযোগিতা দেয়ায় প্রতিষ্ঠান ভালোই চলছে।

ক. অংশীদারি ব্যবসায়ের মূলভিত্তি কী? ১

খ. অংশীদারদের অসীম দায় বলতে কী বোঝায়? ২

গ. তাসলিম কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা করো। ৩

http://teachingbd.com

ঘ. শরীফের গৃহীত সিদ্ধান্ত ব্যবসায়ের জন্য ইতিবাচক— বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৭ ▶** সূচনা ওয়াশিং প্ল্যান্ট তাদের কারখানার বর্জ্য সরাসরি শীতলক্ষ্যা নদীতে ফেলে দেয়। ফলে নদীর পানি দূষিত ও জলজপ্রাণীর প্রচণ্ড ক্ষতি হচ্ছে। এ অবস্থা হতে উত্তরণের জন্য পরিবেশবাদীগণ সূচনাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানায়।

ক. সামাজিক দায়বদ্ধতা কী? ১

খ. ব্যবসায় নৈতিকতা বলতে কী বোঝায়? ২

গ. সূচনা ওয়াশিং প্ল্যান্ট কর্তৃক নদীতে বর্জ্য ফেলার কারণে কোন সামাজিক দায়বদ্ধতা পালনে ব্যর্থতা সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. পরিবেশ উন্নয়নে সূচনা ওয়াশিং প্ল্যান্টের করণীয় সম্পর্কে তোমার মতামত দাও। ৪

**প্রশ্ন-৮ ▶** অর্থের অভাবে উচ্চ মাধ্যমিক পাশ করার পর শিমুলের পড়াশোনা বন্ধ হয়ে যায়। সে অল্প কিছু জমানো টাকায় বাজারে মৌসুমি ফলের ব্যবসায় শুরু করে। গত বছর রমজান মাসে সে ফল বিক্রি বন্ধ করে ইফতার সামগ্রী এবং ঈদের এক সপ্তাহ পূর্বে সে আবার ইফতার সামগ্রী বাদ দিয়ে পাঞ্জাবি, টুপি ইত্যাদি বিক্রি করে। এতে সে আশাতীত সাফল্য পায়। শিমুল ঠিক করেছে এখন থেকে সে সময়োপযোগী পণ্যের বেচা-কেনা করবে।

ক. একমালিকানা ব্যবসায় কাকে বলে? ১

খ. বাংলাদেশে একমালিকানা ব্যবসায় অধিক জনপ্রিয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের শিমুলের কাজের মাধ্যমে একমালিকানা ব্যবসায়ের সুবিধার প্রধান কোন দিকটি ফুটে ওঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের শিমুলের নতুন উপলব্ধিকে তুমি কী যথার্থ মনে করো? যুক্তি দাও। ৪

**প্রশ্ন-৯ ▶** জনাব নাসির এলাকার ৫০ জন তাঁতিকে সংগঠিত করে একটা সমবায় সমিতি গঠন করেছেন। বিভিন্ন উৎস থেকে সুতা, রং ইত্যাদি উপকরণ একত্রে কিনে তাঁতিরা ভাগ করে নেয়। অন্যদিকে জনাব আলমগীর এলাকার বিভিন্ন প্রান্তিক চাষি, তাঁতি, দোকানদার ও পেশাজীবীদের সমন্বয়ে ১০০ জনকে সংগঠিত করে একটা সমবায় সমিতি গঠন করেছে। এখানে যে সঞ্চয় জমা হয় তা থেকে প্রয়োজনীয় মুহূর্তে সদস্যদের ঋণ দেয়া হয়ে থাকে।

ক. সমবায়ের উপ-বিধি কী? ১

খ. সমবায়ে সমভোটাধিকার বলতে কী বোঝায়? ২

গ. জনাব নাসির উদ্দেশ্যের ভিত্তিতে কোন ধরনের সমবায় সমিতি গঠন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মহাজনদের হাত থেকে পেশাজীবীদের রক্ষার জন্য আলমগীরের গঠিত সমবায় সমিতিটি অধিক কর্মক্ষম — উক্তিটি বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৭ ৭

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. সমাজের নির্যাতিত ও নিষ্পেষিত জনগোষ্ঠীর আদর্শ সংগঠন কোনটি?
ক একমালিকানা খ রাষ্ট্রীয়
গ সমবায় ঘ যৌথ মূলধনী

২. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ভিশন হলো —
i. রাস্তা-ঘাট উন্নয়ন
ii. গ্রামের মানুষকে আত্মনির্ভরশীল করা
iii. দারিদ্র্য মুক্ত দেশ গড়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩. কীসের মাধ্যমে নিম্নবিত্ত ও স্বল্পবিত্তের লোকেরা নিজেদের শক্তি বৃদ্ধি করতে সমর্থ হয়?
ক ঐক্যের খ সাম্যের
গ সেবার ঘ নৈকট্যের

৪. সমবায় আন্দোলন কী কারণে জোরদার করা অসম্ভব?
ক সদস্যদের প্রশিক্ষণ প্রদানের অভাবে
খ প্রয়োজনীয় মূলধনের অভাবে
গ সদস্যদের শিক্ষার অভাবে
ঘ প্রযুক্তিগত উন্নয়নের অভাবে

৫. সমাজের জন্য কল্যাণমূলক কাজকে ব্যবসায় কীসের অংশ হিসেবে গণ্য করে?
ক মূল্যবোধ খ নৈতিকতা
গ সামাজিক দায়বদ্ধতা ঘ ব্যবসায়িক কৌশল

৬. ব্যবসায়িক নৈতিকতা ও মূল্যবোধ মেনে চলা প্রয়োজন। কারণ —
i. এতে সকলেরই মানসিক প্রশান্তি বাড়ে
ii. এতে ব্যবসায়িক সমৃদ্ধি অর্জিত হয়
iii. এতে দেশের ভাবমূর্তি বাড়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. শিল্পক্ষেত্রে বৈদেশিক বাণিজ্যকে উৎসাহিত করে —
i. দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তি ii. মুক্ত বাজার অর্থনীতি
iii. সাধারণ বাজার ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. সাবান তৈরি কোন ধরনের শিল্প?
ক বিশ্লেষণ শিল্প খ যৌগিক শিল্প
গ প্রক্রিয়াগত শিল্প ঘ গঠনমূলক শিল্প

৯. লেনদেনের ঝুঁকিগত উপাদান কোনটি?
ক ব্যবসায়িক লোকসান খ ব্যবসায়িক লেনদেন
গ অনিশ্চয়তা ঘ মুনাফা অর্জন

উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।
অশিক্ষিত কামাল ও জামাল কোম্পানি আইন সম্পূর্ণ অনুসরণ করতে হয় বলে কোম্পানি গড়ে তুলতে পারছে না। ফলে তারা উভয়ে একমালিকানা ব্যবসায় শুরু করে।

১০. কামাল ও জামাল কোন অসুবিধার সম্মুখীন হয়েছে?
ক সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব খ আইনগত জটিলতা
গ সীমাবদ্ধ কার্যক্রম
ঘ অত্যধিক পরিচালনা ব্যয়

১১. তাদের একমালিকানা ব্যবসায় শুরু করার কারণ হলো —
i. দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা যায়
ii. গোপনীয়তা রক্ষা পায়
iii. চিরন্তন অস্তিত্বের অধিকারী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. কোন সংগঠনের মালিকানা হতে ব্যবস্থাপনা আলাদা?
ক একমালিকানা সংগঠনের
খ অংশীদারি সংগঠনের
গ যৌথ মূলধনী সংগঠনের
ঘ হোল্ডিং সংগঠনের

১৩. কোন ব্যবসায় দেশের পুঁজি বাজার গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?
ক কোম্পানি ব্যবসায় খ একমালিকানা ব্যবসায়
গ অংশীদারি ব্যবসায় ঘ জোট ব্যবসায়

১৪. ক্ষুদ্র শিল্প উদ্যোক্তাদের অধিক সহায়তা দানকারী এনজিও প্রতিষ্ঠান কোনটি?
ক ব্র্যাক খ স্বনির্ভর বাংলাদেশ
গ প্রশিকা ঘ মাইডাস

১৫. বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা সরকারের কোন মন্ত্রণালয়ের অধীনে?
ক অর্থ খ বাণিজ্য
গ শিল্প ঘ এস.এম.ই

১৬. লিমন তার ব্যবসায় পরিচালনায় আর্থিক সহায়তা পেয়েছেন। এটি তার ব্যবসায়ে কোন পরিবেশ নিশ্চিত করবে?
ক অনুকূল খ প্রতিকূল
গ জটিল ঘ অস্থিতিশীল

১৭. সহায়তা প্রদানে সবচেয়ে নিরাপদ উৎস হিসেবে কোন ধরনের প্রতিষ্ঠান বিবেচিত হয় কোনটি?
ক বিদেশী প্রতিষ্ঠান খ এনজিও
গ সরকারি প্রতিষ্ঠান ঘ বেসরকারি প্রতিষ্ঠান

১৮. অংশীদারি ব্যবসায়ের চুক্তিপত্রের শর্ত কীভাবে পরিবর্তন করা যায়?
ক অংশীদারদের সম্মতিক্রম
খ সরকারের সম্মতিক্রমে
গ পরিচালকের সম্মতিক্রমে
ঘ জনগণের সম্মতিক্রমে

১৯. অংশীদারি ব্যবসায়ে চুক্তিপত্রের শর্ত কীভাবে পরিবর্তন করা যায়?
ক সরকারের সম্মতিক্রমে
খ অংশীদারদের সম্মতিক্রমে
গ পরিচালকদের সম্মতিক্রমে
ঘ জনগণের সম্মতিক্রমে

উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব শফিক এবং আকবর একত্রে একটি ব্যবসায় আরম্ভ করে। ২ বছর পর একটি ব্যাংকে এ ব্যবসায়ের ৩ লাখ টাকা দেনা হয়। শফিক ঋণ পরিশোধে অক্ষম হওয়ায় সম্পূর্ণ টাকা আকবরকে পরিশোধ করতে হয়।

http://teachingbd.com

২০. উদ্দীপকে অংশীদারি ব্যবসায়ের কোন অসুবিধাকে ইঙ্গিত করা হয়েছে?
ক) মূলধনের সীমাবদ্ধতা খ) স্বাধীন সত্তার অভাব
গ) সীমাহীন দায় ঘ) অদক্ষ ব্যবস্থাপনা

২১. আকবরের ঋণ পরিশোধের সম্ভাব্য কারণ —
i. শফিকের দেউলিয়া হওয়া
ii. আকবরের অতিরিক্ত মুনাফা অর্জন
iii. বিনিয়োগকৃত মূলধনের বাইরে অতিরিক্ত দায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. কোন ধরনের প্রতিষ্ঠানে ই-রিটেইলিং অধিক ব্যবহৃত হয়?
ক) কল-কারখানায়
খ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে
গ) বিক্রয়ধর্মী প্রতিষ্ঠানে ঘ) শেয়ার বাজারে

২৩. ই-রিটেইলিং পদ্ধতিতে অর্ডার গ্রহণ করা হয় —
i. নিজস্ব ওয়েবসাইটের মাধ্যমে
ii. ফোন কলের মাধ্যমে
iii. পত্রের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. ক্রেতাদের কোন বিষয়টি ই-রিটেইলিং-এর প্রসারে বিশেষভাবে সহযোগিতা করেছে?
ক) রুচির পরিবর্তন খ) নতুনের প্রতি আগ্রহ
গ) ব্র্যান্ড আনুগত্য প্রতিষ্ঠা ঘ) ইন্টারনেট সুবিধা

২৫. বাংলাদেশ কীভাবে অনলাইন ব্যবসায়ে শক্তিশালী রূপ লাভ করবে?
ক) ব্যক্তিগত উদ্যোগে
খ) প্রাতিষ্ঠানিক উদ্যোগে
গ) সরকারি ও বেসরকারি উদ্যোগে
ঘ) বিক্রেতাদের উদ্যোগে


২৬. শ্রমিক ও শ্রম ব্যয় কম হওয়ায় কোনটি ঘটেছে?
ক) আমদানির বৃদ্ধি প্রসার ঘটছে
খ) পোশাক শিল্পের প্রসার ঘটছে
গ) চাঁদাবাজি, হরতাল বৃদ্ধি পাচ্ছে
ঘ) ঋণ খেলাপির মাত্রা বৃদ্ধি পাচ্ছে

২৭. ব্যবসায়ের ক্ষেত্রে নানামুখী সমস্যার সম্মুখীন হতে হয় কেন?
ক) আমদানি বৃদ্ধির কারণে
খ) আমলাতান্ত্রিকতার কারণে
গ) রপ্তানি হ্রাসের কারণে
ঘ) বিনিয়োগ বৃদ্ধির কারণে

২৮. ব্যবসা-বাণিজ্যের প্রসারণ ও সংকোচনে রাজনৈতিক আদর্শ কোনটি?
ক) সমাজতান্ত্রিকতা খ) সংবাদ মাধ্যম
গ) রাজনৈতিক গবেষক ঘ) নির্বাচন কমিশন

২৯. বই লেখকের অধিকার সুরক্ষায় কোন আইন সুরক্ষা দেয়?
ক) কপিরাইট আইন খ) ট্রেডমার্ক আইন
গ) বিমা আইন ঘ) পেটেন্ট আইন

৩০. কপিরাইট ভঙ্গের ক্ষেত্রে ফৌজদারি প্রতিকারে প্রথমে লঙ্ঘনের জন্য ভঙ্গকারীর কত সময়ের জন্য জেল হতে পারে?
ক) কমপক্ষে তিন মাস খ) কমপক্ষে ছয় মাস
গ) কমপক্ষে এক বছর ঘ) কমপক্ষে তিন বছর

৩১.


উপরের চিত্রটি কীসের ধারণার সাথে সম্পর্কিত?
ক) ট্রেডমার্ক খ) পেটেন্ট
গ) কপিরাইট ঘ) আই.এস.ও

৩২. কপিরাইট আইন প্রণয়নের উদ্দেশ্য কী?
ক) উদ্ভাবকের স্বার্থ সংরক্ষণ করা
খ) নকল উৎপাদন ও বিপণন প্রতিরোধ করা
গ) ব্র্যান্ডমালিকের স্বার্থ সুরক্ষা করা
ঘ) পরিচিত ব্র্যান্ডকে অপব্যবহারের হাত থেকে রক্ষা করা

**উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।**
এলাকায় গাড়ির সংখ্যা বাড়ছে চিন্তা করে মি. জহীর একটা গাড়ির ওয়ার্কশপ করলেন। শহরের বাইরে ওয়ার্কশপ চলবে কি না তা নিয়ে সংশয় থাকলেও মি. জহীর আগ্রহ, শ্রম ও বুদ্ধিমত্তা দিয়ে এটাকে দাঁড় করাতে সক্ষম হয়েছেন।

৩৩. উদ্দীপকের বর্ণনা মতে মি. জহীরকে কী বলা উত্তম?
ক) ব্যবসায়ী খ) ম্যাকানিক
গ) ব্যবসায় উদ্যোক্তা ঘ) সংগঠক

৩৪. মি. জহীরের সফল হওয়ার পিছনে যে গুণ কাজ করেছে তা হলো—
i. সাফল্যার্জনের স্পৃহা ii. ঝুঁকি গ্রহণের মানসিকতা
iii. অবকাঠামোগত সুবিধা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৫. উদ্যোক্তা উদ্ভাবনকারী হিসেবে কোন কাজটি করেন?
ক) নতুন বাজার সৃষ্টি খ) বিশৃঙ্খলা নির্ধারণ
গ) ক্রেতার চাহিদা
ঘ) উপকরণের সমন্বয় সাধন

৩৬. রাষ্ট্রীয় ব্যবসায়ের মাধ্যমে কীসের উন্নয়ন হচ্ছে?
ক) শিক্ষার খ) অর্থনৈতিক
গ) অবকাঠামোর ঘ) বাণিজ্যের

৩৭. রাষ্ট্রীয় ব্যবসায়ের উদ্দেশ্য কী?
ক) জনকল্যাণ
খ) সদস্যদের আর্থিক কল্যাণ
গ) মুনাফা অর্জন ঘ) রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ

**উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও।**
আনিলা হক একটা বুটিক প্রতিষ্ঠানের মালিক। তার কাজের বিশেষ বৈশিষ্ট্য হলো তিনি কাপড়ে বাংলা বর্ণমালা সুন্দরভাবে উপস্থাপন করেন। মিসেস হকের সাফল্য দেখে এখন অনেকেই এরূপ ডিজাইন করছে। তাই তিনি প্রতিযোগিতার সম্মুখীন।

৩৮. আনিলা হকের সাফল্যের মুখ্য কারণ কোনটি?
ক) কর্মে স্বাধীনতা খ) একক সিদ্ধান্ত
গ) একচেটিয়া ব্যবসায় ঘ) ব্যক্তিগত নৈপুণ্য

৩৯. প্রতিযোগিতায় সাফল্য অর্জনে মিসেস হক করতে পারেন—
i. নতুন নতুন বিক্রয়কেন্দ্র প্রতিষ্ঠা
ii. বাজারজাতকরণ প্রসার কার্যক্রম গ্রহণ
iii. পণ্যের উৎকর্ষতা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০. একমালিকানা ব্যবসায় গঠন করতে নিচের কোনটি সর্বাগ্রে প্রয়োজন?
ক) স্বল্প মূলধন খ) ট্রেড লাইসেন্স
গ) ব্যক্তিগত উদ্যোগ ঘ) দোকান ঘর ভাড়া করা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ |
| | ২১ | খ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | গ |

http://teachingbd.com